**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
(সংস্থাপন শাখা)
www.chuadanga.gov.bd

নম্বর -০৫.৪৪.১৮০০.১০২.১১.০০১.২১- ১৩৬

তারিখ : ১৬ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ / ০১ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি" (নম্বরঃ ০২/২০২১)

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২১ সেপ্টেম্বর, ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৭.১৫-১৬৭ সংখ্যক স্মারক এবং ০৪ অক্টোবর, ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৭.১৫-১৭৯, ০৪ জানুয়ারি, ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬. ১১.০১৭.১৫-০৮ সংখ্যক স্মারক এবং ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ অধিশাখার ২৯ নভেম্বর, ২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬. ১১.১৮৬.১২.৭১০ সংখ্যক স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা ও এর অধীনস্থ অফিসসমূহের সাধারণ ও রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

## সাধারণ প্রশাসন

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার অপারেটর | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি<br>(অস্থায়ী রাজস্ব) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ০২. | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | গ্রেড-১৪<br>১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) টি<br>(স্থায়ী রাজস্ব) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রোসেসিং, স্প্রেডসিট, প্রেজেনটেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলশুটিং-এ দক্ষতা;<br>গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা; এবং<br>ঘ) সাঁটলিপি লিখনের গতি প্রতি মিনিটে বাংলা ৪৫ ও ইংরেজি ৭০ শব্দ<br>ঙ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাধারণ প্রশাসন) | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি<br>(স্থায়ী রাজস্ব) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি<br>(ক) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ০৪. | হিসাব সহকারী | গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি<br>(স্থায়ী রাজস্ব) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদির সর্বনিম্ন গতি<br>(ক) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |

## রাজস্ব প্রশাসন

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | নাজির কাম ক্যাশিয়ার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন) টি<br>(স্থায়ী রাজস্ব) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (রাজস্ব প্রশাসন) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি<br>(স্থায়ী রাজস্ব) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/Data Entry ও Typing সর্বনিম্ন গতি প্রতি মিনিটে কম্পিউটার লিখনে বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩. | সার্টিফিকেট পেশকার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি<br>(স্থায়ী রাজস্ব) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৪. | সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি<br>(স্থায়ী রাজস্ব) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৫. | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি<br>(স্থায়ী রাজস্ব) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৬. | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০৪ (চার) টি<br>(স্থায়ী রাজস্ব) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| ০৭. | ট্রেসার | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি<br>(স্থায়ী রাজস্ব) | ড্রইংসহ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক বা উহার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদনের শর্তাবলী :**

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা ০৪-০৩-২০২১ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত / প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগপ্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।
ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;
খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;
ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সন্তানের পিতা/মাতা অথবা পিতা/মাতার পিতা/মাতা এর মুক্তিযোদ্ধা সনদপত্র;
চ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ন্যূনতম ৯ম গ্রেডের সরকারি কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
ছ) এতিম প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক রেজিষ্ট্রিকৃত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র;
জ) প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য এ মর্মে জেলা কমান্ড্যান্ট আনসার ও ভিডিপি কর্তৃক প্রদত্ত সনদপত্র;
ঞ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক সনদপত্র;
ট) প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ /প্রমাণপত্রের সনদ;
ঠ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;
ড) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;
ঢ) কম্পিউটার ও শর্টহ্যান্ড এর প্রমাণস্বরূপ সকল সনদপত্র।

০৫। এই নিয়োগ বিজ্ঞপ্তির ০১ নম্বর ক্রমিকের শূন্য পদ পূরণের জন্য সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯, ০২-০৪ নম্বর ক্রমিকের শূন্য পদ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ এবং রাজস্ব প্রশাসনের পদসমূহ পূরণে উপ জেলা রেভিনিউ অফিসার্স অ্যান্ড স্টাফ (ম্যানেজমেন্ট সাইড) নিয়োগ বিধিমালা ১৯৮৫ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৬। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

০৭। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১০। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১২। এ অফিসের ২৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের ০৫.৪৪.১৮০০.১০২.১১.০০১.১৮-১৪৪ নম্বর স্মারকের মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তিতে রাজস্ব প্রশাসনের পদসমূহে ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন বহাল থাকবে। তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১৩। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

১৪। ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcchuadanga.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
অনলাইনে আবেদনপত্র গ্রহণের শুরুর তারিখ : ০৪-০৩-২০২১ সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ : ০৪-০৪-২০২১ রাত ১২.০০টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ। অনলাইনে আবেদন পত্রে প্রার্থীতার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) এ রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ। Online এ আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ। প্রার্থী Online এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ। SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোন অবস্থাতেই গৃহীত হবে না"।
প্রথম SMS: DCCHUADANGA <space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCCHUADANGA ABCDEF & send to 16222
দ্বিতীয় SMS: DCCHUADANGA <space>Yes<space>PIN লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে
Example: DCCHUADANGA Yes 12345678 & send to 16222

চ) **প্রবেশপত্র** : প্রাপ্তির বিষয়টি http:// dcchuadanga.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সাদা বা রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে DCCHUADANGA<space>Help<space>User<space>User ID & send to 16222
Example: DCCHUADANGA Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে DCCHUADANGA <space>Help <space>PIN <space> PIN No & send to 16222
Example: DCCHUADANGA Help PIN 1234567 & send to 16222

ঝ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http:// dcchuadanga.teletalk.com.bd এবং www.dcchuadanga.gov.bd-তে পাওয়া যাবে।

(মোঃ নজরুল ইসলাম সরকার)
জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
ফোন ০৭৬১-৬৩১১১
dcchuadanga@mopapa.gov.bd